

পিরোজপুর পাচ্ছে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নিজস্ব প্রতিবেদক

১২ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১২ জানুয়ারি ২০২১ ০০:২২



পিরোজপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে আইনের খসড়ায় সায় দিয়েছে মন্ত্রিসভা। গতকাল প্রধানমন্ত্রীর মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২১’-এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়।

মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম বলেন, অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আদলেই নতুন এই আইন করা হচ্ছে। আইনের খসড়াটি মন্ত্রিসভার নীতিগত অনুমোদন পাওয়ায় এখন যাচাই-বাছাইয়ের জন্য আইন মন্ত্রণালয়ে যাবে। আইন মন্ত্রণালয়ের ভেটিং শেষে এটি চূড়ান্ত অনুমোদনের জন্য আবারও মন্ত্রিসভায় তোলা হবে। এ ছাড়া ‘কাস্টমস

আইন, ২০২১’-এর খসড়ায় নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব জানান, এর আগে ‘কাস্টমস আইন, ২০২০’ নামে একটি খসড়া জাতীয় সংসদে উত্থাপন করা হয়েছিল। কিন্তু সংসদীয় স্থায়ী কমিটি কিছু পর্যবেক্ষণ দেয়। বিষয়টি ফেরত আসায় সংশোধন করে নতুন করে উত্থাপন করা হয়েছে। এখানে কাস্টমস মূল্য, এসএসবেল ভ্যালু এবং ইলেকট্রনিক ডেটা, মুদ্রা ও দলিলপত্রের কথা সংযোজন করা হয়েছে, যা আগের আইনে ছিল না।

এদিকে বঙ্গোপসাগরে একান্ত অর্থনৈতিক এলাকায় ট্রলারের সংখ্যা বাড়ানো নিয়ে মন্ত্রিসভার আগের সিদ্ধান্ত বাতিল করেছে সরকার। মন্ত্রিপরিষদ সচিব বলেন, ২০১৩ সালের ২৯ জুলাই মন্ত্রিসভা বঙ্গোপসাগরে একান্ত অর্থনৈতিক এলাকায় ট্রলারের সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত দিয়েছিল। সে সময় বঙ্গোপসাগরে ‘সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু আহরণ, সংরক্ষণ এবং দক্ষ ব্যবস্থাপনার স্বার্থে’ ১৫টি নতুন মিড ওয়াটার ট্রলার বাড়ানোর অনুমোদন দেওয়া হয়েছিল।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন দায়ের ডেইলি

আমাদের সময়

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy